সমকাল

তারিখ ... 05 OCT 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

## ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষ

# সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

■ সমকাল প্রতিবেদক

ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষের পর রাজধানীর সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। সাংস্কৃতিক সংগঠনে কর্মী সংগ্রহ করা নিয়ে গতকাল রোববার ছাত্রলীগের দু'পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে উভয়পক্ষের অন্তত পাঁচজন আহত হয়েছে। পরিস্থিতি সামাল দিতে মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা করে শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। সেই সঙ্গে ক্যাম্পাসে মোতায়েন হয়েছে অতিরিক্ত পুলিশ। তবে হাসপাতালের চিকিৎসা কার্যক্রম চলবে বলে জানা গেছে।

সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এবিএম মাকসুদুল আলম বলেন, সংঘর্ষের ঘটনা তদন্তে একটি কমিটি গঠন করা হয়েছে। ওই কমিটির প্রতিবেদনের আলোকে দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। তবে নতুন শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম স্বাভাবিকভাবে চলবে বলে জানান তিনি।

জানা গেছে, সোহরাওয়ার্দী মেডিকেল কলেজে ছাত্রলীগ পরিচালিত স্ফুরণ ও ডিবিটিস নামে দুটি সাংস্কৃতিক সংগঠন রয়েছে। শান্ত ও বুলেট নামের দু'জন ছাত্রনেতা স্ফুরণের এবং আনিসুর রহমান ও কাজী মাহবুব ডিবিটিসের নেতৃত্ব দিচ্ছেন। নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের নিজ নিজ সংগঠনে টানা ও সিনিয়র-জুনিয়র বিষয় নিয়ে গত শনিবার থেকে দু'পক্ষের মধ্যে কয়েক দফা হাতাহাতির ঘটনা ঘটে। পরে সিনিয়রদের হস্তক্ষেপে বিষয়টি সমাধান হলেও দু'পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল। গতকাল ওই ঘটনার জের ধরে কলেজের ছাত্র হোস্টেলের দোতলায় দু'পক্ষের মধ্যে হাতাহাতি হয়। দুপুরের দিকে ক্যাম্পাস ও হাসপাতালের সামনে দু'পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের অন্তত পাঁচজন আহত হয়েছে। গুরুতর আহত একজন হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন এবং অন্য চার জন চিকিৎসা নিয়ে হাসপাতাল ত্যাগ করেছেন। পুলিশের তেজগাঁও বিভাগের উপকমিশনার বিপ্লব কুমার সরকার জানিয়েছেন, পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দু'পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা নিয়ন্ত্রণে আনে।